NYC **KiDS RiSE** Save for College Program

# কলেজ ও কর্মজীবনের সঠিক সেভিংস অ্যাকাউন্ট বেছে নিন

**আপনি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) সক্রিয় করা ও দেখার পরে, আপনি সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program) এ পরবর্তী পদক্ষেপ নিতে পারেন: আপনার সন্তানের সুবিধার জন্য, আপনার মালিকানাধীন একটি কলেজ ও কর্মজীবনের সেভিংস অ্যাকাউন্ট খোলা এবং সংযুক্ত করা! এই পদক্ষেপটি গ্রহণ করার মাধ্যমে আপনি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের জন্য NYC Kids RISE এর কাছ থেকে $25 পুরস্কার অর্জন করবেন।**

**সেভ ফর কলেজ প্রোগ্রাম এর মাধ্যমে উপলব্ধ দুটি অ্যাকাউন্টের বিকল্পের মধ্যে পার্থক্য সম্পর্কে জানতে নিচের ওয়ার্কশীটটি ব্যবহার করুন, আপনার জন্য সবচেয়ে ভাল কাজ করে এমন বিকল্পগুলি যাচাই করুন, আপনার নিজের প্রশ্নগুলি নোট করুন এবং কোন অ্যাকাউন্টটি আপনার জন্য সবচেয়ে বেশি অর্থবহ তা সনাক্ত করুন।**

| | NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট | Amalgamated সেভ ফর কলেজ ব্যাংক অ্যাকাউন্ট |
|---|---|---|
| **এটি কী?** | ☐ একটি 529 অ্যাকাউন্ট হল এক ধরনের বিনিয়োগ অ্যাকাউন্ট যা পরিবারগুলিকে কলেজ ও কর্মজীবনের প্রশিক্ষণের জন্য সঞ্চয় করতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। একটি 529 অ্যাকাউন্টে অর্থ সময়ের সাথে বৃদ্ধি পেতে পারে, তবে এটি মূল্য হারাতেও পারে। এই অ্যাকাউন্টে থাকা অর্থ কর-মুক্ত হয়, এবং যোগ্য প্রতিষ্ঠানে যোগ্য উচ্চ শিক্ষার ব্যয়ের জন্য ব্যবহার করা হলে, অর্থ তোলার পরে উপার্জন কর-মুক্ত হয়। | ☐ এটি Amalgamated Bank এর একটি পরম্পরাগত সেভিংস অ্যাকাউন্ট, যেটিতে সুবিধাভোগী হিসেবে একটি শিশুর নাম থাকে। এই সেভিংস অ্যাকাউন্টে থাকা আমানতগুলি ফেডারাল ডিপোজিট ইন্সিওরেন্স কর্পোরেশন (Federal Deposit Insurance Corporation, FDIC) দ্বারা $250,000 পর্যন্ত বিমা করা আছে।[1] |
| **আমি কীভাবে এই অ্যাকাউন্ট খুলতে পারি এবং আমার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করতে পারি?** | ☐ nyckidsrise.org এ Savings Tracker (একটি অনলাইন পোর্টাল যেখানে মা-বাবা/অভিভাবকরা তাদের সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে পারেন) এ আবার লগ ইন করুন এবং আপনার NY 529 *Direct Plan* আবেদন শুরু করতে 'তৈরি করুন/সংযুক্ত করুন' বাটনে ক্লিক করুন। | ☐ NYC-তে অবস্থিত Amalgamated Bank এর কোনও শাখায় যান এবং একটি Amalgamated Bank সেভ ফর কলেজ ব্যাংক অ্যাকাউন্ট খোলার অনুরোধ করুন। amalgamatedbank.com/find-branch-or-atm এ আপনার নিকটতম শাখাটি খুঁজুন।<br>☐ আরও তথ্যের জন্য, Amalgamated Bank এর সাথে যোগাযোগ করুন: 800-662-0860 নম্বরে। |
| **সঞ্চয়টি কীভাবে সময়ের সাথে পরিবর্তিত হতে পারে?** | ☐ এই অ্যাকাউন্টে অর্থ সময়ের সাথে বৃদ্ধি পেতে পারে, কিন্তু নির্বাচিত বিনিয়োগের উপর ভিত্তি করে মূল্য হারাতেও পারে। | ☐ এই অ্যাকাউন্টে থাকা অর্থ সুদ উপার্জন করবে। |
| **এই অ্যাকাউন্টে কি ট্যাক্স সংক্রান্ত সুবিধা পাওয়া যায়?** | ☐ এই অ্যাকাউন্টে ট্যাক্স সংক্রান্ত সুবিধা পাওয়া যায়, যার মধ্যে ট্যাক্স-মুক্ত উপার্জন এবং স্টেটের আয়করে সম্ভাব্য ডিডাকশন অন্তর্ভুক্ত।<br>• অ্যাকাউন্টে থাকা অর্থের ওপরে স্টেট ও ফেডারাল ট্যাক্স বিলম্বিত হয়, যার মানে হল উপার্জনগুলিকে আপনার করযোগ্য আয়ের মধ্যে গণনা করা হয় না।<br>• নিউ ইয়র্ক রাজ্যের করদাতারা স্টেটের করযোগ্য আয় হিসাব করার সময় এই অ্যাকাউন্টে অবদানের জন্য প্রতি বছর $5,000 (যৌথভাবে ফাইল করছেন এমন বিবাহিত দম্পতিদের জন্য $10,000) পর্যন্ত বাদ দিতে পারেন।<br>• নির্দিষ্ট পরিস্থিতিতে, যেমন অন্য স্টেটের 529 প্ল্যানে রোলওভার করা বা অযোগ্য উইথড্রয়ালের ক্ষেত্রে স্টেট ট্যাক্স ডিডাকশনগুলি রিক্যাপচার করা হতে পারে।<br>• উইথড্রয়ালগুলি ফেডারাল ও NY স্টেট কর-মুক্ত, যতক্ষণ সেগুলি যোগ্য উচ্চ শিক্ষার ব্যয়ের জন্য ব্যবহার করা হয়।[2] | ☐ এই অ্যাকাউন্টে কোনও ট্যাক্স সুবিধা পাওয়া যায় **না**। |
| **একটি অ্যাকাউন্ট খুলতে আমার কী প্রয়োজন?** | ☐ এই অ্যাকাউন্টে নথিভুক্ত হতে, আপনার প্রয়োজন হবে:<br>• অ্যাকাউন্টের মালিক এবং সুবিধাভোগীর জন্য একটি বৈধ সামাজিক সুরক্ষা নম্বর (Social Security Number, SSN) বা স্বতন্ত্র করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN);<br>• অ্যাকাউন্টের মালিক ও সুবিধাভোগীর জন্ম তারিখ;<br>• অনলাইন নথিভুক্ত করার জন্য অ্যাকাউন্টের মালিকের একটি ইমেল অ্যাড্রেস;<br>• U.S. এর একটি যাচাইকৃত ঠিকানা। | ☐ এই অ্যাকাউন্টে নথিভুক্ত হতে, আপনার প্রয়োজন হবে:<br>• অ্যাকাউন্টের মালিক এবং সুবিধাভোগীর জন্য একটি বৈধ সামাজিক সুরক্ষা নম্বর (SSN) বা স্বতন্ত্র করদাতা সনাক্তকরণ নম্বর (ITIN);<br>• অ্যাকাউন্টের মালিকের একটি বৈধ ফটো আইডি;<br>• অ্যাকাউন্টের মালিকের ঠিকানা ও জন্ম তারিখ;<br>• শিশুর নাম ও জন্ম তারিখ; এবং<br>• অ্যাকাউন্টের মালিকের একটি ইমেল অ্যাড্রেস (সুপারিশকৃত)। |
| **সঞ্চয় কিসের জন্য ব্যবহার করা যায়?** | ☐ এই অ্যাকাউন্টের অর্থ নির্দিষ্টভাবে কলেজ ও কর্মজীবনের শিক্ষার খরচের জন্য চিহ্নিত করা হয়েছে (পাঠ্যপুস্তক, ল্যাপটপ, টিউশন, ইত্যাদি সহ)। যদি উচ্চ শিক্ষার খরচের জন্য অর্থ ব্যবহার না করা হয়, সেই ক্ষেত্রে এই অ্যাকাউন্ট থেকে অর্থ তোলার জন্য ট্যাক্স জরিমানা হতে পারে। | ☐ এই অ্যাকাউন্টে ব্যবহার করার ওপরে কোনও আইনি বিধিনিষেধ নেই। এই অ্যাকাউন্টে অর্থ তোলার জন্য কোনও জরিমানা নেই। তবে, এই ধরনের অ্যাকাউন্ট একটি শিশুর কলেজ ও কর্মজীবনের শিক্ষার জন্য এবং অন্য কোনও উদ্দেশ্যে নয়। |

[1] আমানতের ওপরে বিমার স্ট্যান্ডার্ড আওতার সীমা হল প্রতি আমানতকারী পিছু $250,000, FDIC দ্বারা বিমাকৃত ব্যাংক প্রতি, মালিকানা শ্রেণী প্রতি। বিভিন্ন মালিকানার শ্রেণীতে রাখা আমানতগুলিকে অন্ততঃ $250,000 পর্যন্ত পৃথকভাবে বিমা করা হয়, এমনকি যদি একই ব্যাংকে রাখা হয় তাহলেও।

[2] ফেডারাল অযোগ্য অর্থ তোলার মাধ্যমে উপার্জনগুলি ফেডারাল আয়কর এবং 10% ফেডারাল পেনাল্টি ট্যাক্স ছাড়াও স্টেট ও স্থানীয় আয়করের আওতায় আসতে পারে। নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিডাকশনগুলি কিছু অতিরিক্ত পরিস্থিতিতে রিক্যাপচার করা হতে পারে যেমন অন্য স্টেটের 529 প্ল্যানে রোলওভার, অথবা প্রাথমিক বা মাধ্যমিক স্কুল টিউশন, নিবন্ধিত শিক্ষানবিশ প্রোগ্রামের খরচ, বা ডিসক্লোজার বুকলেটে এবং টিউশন সেভিংস চুক্তিতে বর্ণিত যোগ্য শিক্ষা ঋণ পরিশোধের জন্য ব্যবহৃত উইথড্রয়াল। নিউ ইয়র্কের বাসিন্দা নয় এমন করদাতাদের জন্য স্টেটের ট্যাক্সের সুবিধাগুলির পার্থক্য হতে পারে। ট্যাক্স ও অন্য সুবিধাগুলি অন্যান্য প্রয়োজনীয়তা পূরণের উপর নির্ভরশীল। আপনার সুনির্দিষ্ট পরিস্থিতি সম্পর্কে একজন ট্যাক্স উপদেষ্টার সাথে পরামর্শ করুন।

চলছে →

NYC KiDS RiSE Save for College Program

# কলেজ ও কর্মজীবনের সঠিক সেভিংস অ্যাকাউন্ট বেছে নিন

| | NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট | Amalgamated সেভ ফর কলেজ ব্যাংক অ্যাকাউন্ট |
|---|---|---|
| **আমার অ্যাকাউন্টে কত টাকা জমা করতে হবে এবং কোনও ন্যূনতম ব্যালেন্স আছে কি?** | ☐ এই অ্যাকাউন্টে অর্থ জমা করার জন্য কোনও ন্যূনতম পরিমাণের প্রয়োজন নেই। তবে ছয় মাস পরে কোনও অর্থ জমা করা না হলে, NY 529 আপনার অ্যাকাউন্ট বন্ধ করে দিতে পারে। যদি তারা আপনার অ্যাকাউন্ট বন্ধ করে দেয়, তাহলে অ্যাকাউন্টটি কীভাবে আবার খোলা যাবে সেই বিষয়ে নির্দেশ সহ NY 529 আপনাকে ডাকযোগে তথ্য পাঠাবে। তারা অ্যাকাউন্টটি বন্ধ করে দিলে, আপনি ডাকযোগে একটি চেক বা মানি অর্ডার পাঠিয়ে অথবা 877-697-2837 নম্বরে NY 529-এ ফোন করে, অর্থ জমা করার জন্য (যা $1 এর মতো কমও হতে পারে) আরও ছয় মাস সময় পাবেন। আপনি যদি সেই সময়ের মধ্যে অর্থ জমা না করেন, তাহলে আপনার অ্যাকাউন্টটি পুনরায় খুলতে আপনাকে একটি নতুন নথিভুক্তি ফর্ম পূরণ করতে হবে। | ☐ এই অ্যাকাউন্টের জন্য কোনও ন্যূনতম ব্যালেন্স বা জমা করার জন্য কোনও ন্যূনতম অর্থরাশির প্রয়োজন নেই। তবে, আপনি যদি আপনার অ্যাকাউন্টে কোনো অর্থ জমা না করেন, তাহলে এটি নয় মাস পরে বন্ধ করে দেওয়া হতে পারে, তাই আমরা আপনাকে অ্যাকাউন্ট খোলার পরপরই অন্ততঃ $5 জমা করতে উৎসাহিত করি। |
| **আমাকে কত ঘন ঘন অ্যাকাউন্টে অর্থ জমা করতে হবে?** | ☐ আপনি আপনার ইচ্ছামত পরিমাণ অর্থ জমা করতে পারেন এবং এই অ্যাকাউন্টে যে পরিমাণ অর্থ চান তা রাখতে পারেন (NY 529 *Direct Plan* দ্বারা অনুমোদিত সর্বোচ্চ অ্যাকাউন্ট ব্যালেন্স পর্যন্ত)। | ☐ আপনি আপনার ইচ্ছামত পরিমাণ অর্থ জমা করতে পারেন এবং এই অ্যাকাউন্টে যে পরিমাণ অর্থ চান তা রাখতে পারেন। আপনাকে প্রথম 9 মাসের মধ্যে অন্তত একবার অর্থ জমা করতে হবে। |
| **এই অ্যাকাউন্টে অর্থ সঞ্চয় করলে, সরকারী সুবিধাগুলির জন্য আমার যোগ্যতা প্রভাবিত হতে পারে কি?** | ☐ সম্ভবত। সরকারী সুবিধাগুলির ওপরে প্রভাব সম্পর্কে আরও তথ্য জানতে nyckidsrise.org/downloadable-resources দেখুন। আরও সহায়তার জন্য, NYC Kids RISE-কে 833-KID-RISE (833-543-7473) নম্বরে ফোন করুন। | ☐ সম্ভবত। সরকারী সুবিধাগুলির ওপরে প্রভাব সম্পর্কে আরও তথ্য জানতে nyckidsrise.org/downloadable-resources দেখুন। আরও সহায়তার জন্য, NYC Kids RISE-কে 833-KID-RISE (833-543-7473) নম্বরে ফোন করুন। |
| **এই অ্যাকাউন্টে সঞ্চয় করা কি ফেডারাল ও স্টেটের আর্থিক সহায়তার জন্য আমার সন্তানের যোগ্যতাকে প্রভাবিত করতে পারে (আর্থিক সহায়তার বর্তমান নিয়মাবলী অনুযায়ী)?** | ☐ সম্ভবত। যদি আপনার পরিবারের আয় $50,000 এর কম হয়, তাহলে এই অ্যাকাউন্টে সঞ্চয়গুলি ফেডারাল আর্থিক সহায়তার জন্য আপনার সন্তানের যোগ্যতাকে সাধারণভাবে প্রভাবিত করবে না। যদি আপনার পরিবারের আয় $50,000 এর বেশি হয়, তাহলে এই অ্যাকাউন্টের সঞ্চয়ের শুধুমাত্র একটি ছোট অংশকেই ফেডারাল আর্থিক সহায়তার যোগ্যতার জন্য হিসাবের মধ্যে ধরা হবে। এই উত্তরগুলি ভবিষ্যতের বছরগুলিতে পরিবর্তিত হতে পারে। আরও বিশদ তথ্যের জন্য, আমাদের ওয়েবসাইট: nyckidsrise.org/downloadable-resources/#additional-materials এ "ভবিষ্যতে আর্থিক সহায়তার উপর প্রভাব" (Impact on Future Financial Aid) নির্দেশিকাটি পড়ুন। | ☐ সম্ভবত। যদি আপনার পরিবারের আয় $50,000 এর কম হয়, তাহলে এই অ্যাকাউন্টে সঞ্চয়গুলি ফেডারাল আর্থিক সহায়তার জন্য আপনার সন্তানের যোগ্যতাকে সাধারণভাবে প্রভাবিত করবে না। যদি আপনার পরিবারের আয় $50,000 এর বেশি হয়, তাহলে এই অ্যাকাউন্টের সঞ্চয়ের শুধুমাত্র একটি ছোট অংশকেই ফেডারাল আর্থিক সহায়তার যোগ্যতার জন্য হিসাবের মধ্যে ধরা হবে। এই উত্তরগুলি ভবিষ্যতের বছরগুলিতে পরিবর্তিত হতে পারে। আরও বিশদ তথ্যের জন্য, আমাদের ওয়েবসাইট: nyckidsrise.org/downloadable-resources/#additional-materials এ "ভবিষ্যতে আর্থিক সহায়তার উপর প্রভাব" নির্দেশিকাটি পড়ুন। |
| **প্রতিটি অ্যাকাউন্টের জন্য আপনি কতগুলি চেকবক্স নির্বাচন করেছেন তা গণনা করতে এবং সুবিধা ও অসুবিধাগুলির সারসংক্ষেপ করতে এই স্থানটি ব্যবহার করুন।** → | | |

*দ্রষ্টব্য: এগুলিই কলেজের জন্য সঞ্চয় করার একমাত্র উপায় নয়। তবে, কলেজ ও কর্মজীবনের সেভিংস অ্যাকাউন্টের জন্য সেভ ফর কলেজ প্রোগ্রাম দ্বারা প্রদত্ত নির্দিষ্ট বৈশিষ্ট্য ও সুবিধাগুলি শুধুমাত্র এই দুটি বিকল্পের জন্য পাওয়া যায়। NYC Kids RISE বিনিয়োগ সংক্রান্ত উপদেশ দেয় না বা কোনও নির্দিষ্ট প্রকারের কলেজ সেভিংস অ্যাকাউন্টের সুপারিশ করে না। প্রতিটি পরিবারের আর্থিক পরিস্থিতি ভিন্ন, এবং সঞ্চয় বা বিনিয়োগ করার আগে আপনার নিজের পরিস্থিতি বিবেচনা করা উচিত। অন্যান্য বিকল্পগুলি আপনার এবং আপনার পরিবারের জন্য আরও বেশি উপযুক্ত হতে পারে কিনা তা দেখার জন্য আপনি সেগুলি খুঁজে দেখতে ইচ্ছুক হতে পারেন, যেমন অন্যান্য স্টেট দ্বারা প্রদত্ত 529 প্ল্যান এবং অন্যান্য ব্যাংকের দেওয়া সেভিংস অ্যাকাউন্ট।*

*NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম হল একটি স্কলারশিপ ও সঞ্চয় কর্মসূচি যা একটি লাভের উদ্দেশ্যহীন সংস্থা NYC Kids RISE Inc. দ্বারা পরিচালিত হয়, NYC শিক্ষা বিভাগ (NYC Department of Education) এবং নিউ ইয়র্ক শহরের সাথে অংশীদারিত্বে। NYC Kids RISE, New York's 529 College Savings Program এর সাথে সম্পর্কযুক্ত নয়, বা অনুমোদিত পরিবেশকও নয় এবং বিনিয়োগের অনুরোধ করে না বা বিনিয়োগের পরামর্শ প্রদান করে না। নিউ ইয়র্ক সিটি ও NYC শিক্ষা বিভাগ NY 529 প্রোগ্রাম ম্যানেজার এবং কোনও নির্দিষ্ট কলেজ সেভিংস বা অন্যান্য বিনিয়োগের মাধ্যম সম্পর্কে কোনও সমর্থন বা সুপারিশ প্রদান করে না এবং তা নিয়ন্ত্রণ করে না, এর মালিক নয় বা এর সাথে সম্বন্ধযুক্ত নয়, এর মধ্যে সেগুলিও অন্তর্ভুক্ত যেগুলি সম্পর্কে পরিবারগুলি সেভ ফর কলেজ প্রোগ্রাম এর মাধ্যমে জানতে পারে।*